



# ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং-ঢাপ্রপ্রবি/শি:শা:/উপ:/১৬০/২০১৭/৪০

তারিখ : ০৭/০১/২০২০ খ্রি:।

## ক্লাশে উপস্থিতি সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-ঢাপ্রপ্রবি/শি:শা:/বিজ্ঞপ্তি/১২৯/২০১৪/৭৬১; তারিখঃ ০২/০৪/২০১৯ খ্রি: এর মাধ্যমে জারীকৃত বিজ্ঞপ্তি এবং ২৭/০৬/২০১৯ খ্রি: তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ৬৩তম সভার সিদ্ধান্ত অনুযায়ী যেসকল শিক্ষার্থীর ক্লাশে ৭০% এর কম উপস্থিতি থাকিবে, সেসকল শিক্ষার্থী সেমিস্টার ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে না।

এই প্রেক্ষিতে এখন হইতে প্রতি সেমিস্টারে মিড সেমিস্টার ছুটির পূর্ব পর্যন্ত ০১ (এক) বার এবং সেমিস্টারের ক্লাশ শেষে আরও ০১ (এক) বার অর্থাৎ ০২ (দুই) বার ক্লাশে ৭০% এর কম উপস্থিতি শিক্ষার্থীদের তালিকা যথাসময়ে স্ব-স্ব বিভাগ হইতে প্রকাশ করার জন্য এবং প্রকাশিত তালিকার অনুলিপি একাডেমিক শাখা ও পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল।

বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে এই বিজ্ঞপ্তি জারী করা হইল।

*(Handwritten signature)* ০৭/০১/২০

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

ফোন : ৪৯২৭৪০০৩ (অফিস)

তারিখ : ০৭/০১/২০২০ খ্রি:।

স্মারক নং-ঢাপ্রপ্রবি/শি:শা:/উপ:/১৬০/২০১৭/৪০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হইল :-

(তালিকা জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সকল- ডিন/পরিচালক/উপদেষ্টা।
- ৩। সকল- বিভাগীয় প্রধান।  
(সংশ্লিষ্ট সকল শিক্ষক, শিক্ষার্থী, ও কর্মকর্তাকে অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)
- ৪। পরিচালক (ছাত্র কল্যাণ)।
- ৫। পরিচালক, কম্পিউটার সেন্টার।  
(বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)
- ৬। চেয়ারম্যান, আইসিটি সেল।
- ৭। পরীক্ষা নিয়ন্ত্রক।
- ৮। ডেপুটি রেজিস্ট্রার, সংস্থাপন শাখা/কাউন্সিল শাখা।
- ৯। পাবলিকেশন-কাম-ইনফরমেশন অফিসার।
- ১০। সকল নোটিশ বোর্ড, বিশ্ববিদ্যালয় ও হলসমূহ।
- ১১। সংরক্ষণ নথি/গার্ড ফাইল।

(মোঃ মনিরুজ্জামান)

ডেপুটি রেজিস্ট্রার

একাডেমিক শাখা

*(Handwritten signature)* ০৭/০১/২০২০